গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাটগ্রাম, লালমনিরহাট
patgram.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২৭০.০০০.০৩.০১২.২৩- ১১০৪(২০)

তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪৩০
১৫ নভেম্বর, ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর এস.আর ও নং ৮৯-আইন/২০১৫ তারিখ: ২১ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ/ ০৪ মে, ২০১৫ খ্রিস্টাব্দ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১নং আইন) এর ধারা ৯৬, ধারা ৪৮ এর সহিত পঠিতব্য, জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ি লালমনিরহাট জেলাধীন পাটগ্রাম উপজেলায় নিম্নোক্ত ছকে উল্লেখিত ইউনিয়ন পরিষদের অধীনে শূন্য পদে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল
০১	মহল্লাদার	৪ নং কুচলিবাড়ী ইউনিয়ন পরিষদ	০১ নং ওয়ার্ড	০১	কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	প্রচলিত বিধি মোতাবেক
		৫নং জোংড়া ইউনিয়ন পরিষদ	০৪ নং ওয়ার্ড	০১		
		৬নং বাউরা ইউনিয়ন পরিষদ	০৭ নং ওয়ার্ড	০১		
		৭নং দহগ্রাম ইউনিয়ন পরিষদ	০৯ নং ওয়ার্ড	০১		
		৮নং বুড়িমারী ইউনিয়ন পরিষদ	০৭ নং ওয়ার্ড	০১		

শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেওয়া হবে।

০২। আবেদনকারীর বয়সসীমা জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৩, তারিখ ১৯ আগস্ট, ২০২১খ্রি. মোতাবেক ১৫/০৬/২০২৩তারিখে ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে শারীরিক যোগ্যতা সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে শারীরিক যোগ্যতা সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

০৪। আবেদনকারীর পূর্ণ জীবন বৃত্তান্ত: (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) বৈবাহিক অবস্থা (ঝ) অভিজ্ঞতা (যদি থাকে) (ঞ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে লিখিত আবেদন ২৮/১১/২০২৩ তারিখ বিকাল-০৪.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে ৯''X৫'' সাইজের খামে উপজেলা নির্বাহী অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট বরাবর সরাসরি অথবা ডাকযোগে দরখাস্ত প্রেরণ করতে হবে। খামের উপরে সংশ্লিষ্ট ইউনিয়ন, ওয়ার্ড ও বিশেষ কোটা (যদি থাকে) এর নাম মোটা অক্ষরে লিখতে হবে।

০৫। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:
ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।
খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি।
গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের ফটোকপি।
ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের ফটোকপি।
ঙ) জাতীয় পরিচয়পত্র অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইনভুক্ত জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।
চ) প্রার্থী পোষ্য/মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে সে ক্ষেত্রে তাকে প্রয়োজনীয় প্রমাণপত্রের সত্যায়িত কপি।
ছ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

চলমান পাতা-০২

ঞ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠিদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, লালমনিরহাট কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

ঝ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

০৬। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি সঙ্গে আনতে হবে। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা ও বিধি অনুসরণ করা হবে।

০৭। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

স্বা:-

(মোঃ নুরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
পাটগ্রাম, লালমনিরহাট
ফোন ও ফ্যাক্স নং ০৫৯২৫-৫৬২০১
unopatgram@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২৭০.০০০.০৩.০১২.২১- ১১০৪(২০)

তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪৩০
১৫ নভেম্বর, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট।
০৭। মেয়র, পাটগ্রাম পৌরসভা, লালমনিরহাট।
০৮। অফিসার ইনচার্জ, পাটগ্রাম থানা, লালমনিরহাট।
০৯। উপজেলা .... অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট।
১০। চেয়ারম্যান.............................ইউনিয়ন পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট। (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১১। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, পাটগ্রাম, লালমনিরহাট।
১২। সভাপতি/সম্পাদক, ... হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি, পাটগ্রাম, লালমনিরহাট। (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
১৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাটগ্রাম, লালমনিরহাট। (বিজ্ঞপ্তিটি উপজেলা এবং ইউনিয়ন ওয়েব পোর্টাল (তথ্য বাতায়ন) এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৪। ইউপি সচিব, ... ইউনিয়ন পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট। (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
১৫। জনাব .... পাটগ্রাম, লালমনিরহাট।
১৬। অফিস কপি / নোটিশ বোর্ড।

(মোঃ নুরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
পাটগ্রাম, লালমনিরহাট
ফোন ও ফ্যাক্স নং ০৫৯২৫-৫৬২০১
unopatgram@mopa.gov.bd